

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী মোহাম্মদ হারুণ আল রশিদ এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী রহিয়াছে; এবং

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনি গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই, সেহেতু ১৯৫৮ সনের ক্রিমিনাল ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬ (১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে ২৭-০৩-২০১৪ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচার কার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

| ক্রমিক নং | পলাতক আসামীর নাম ও ঠিকানা | মামলার নম্বর ও ধারা |
|-----------|--|--|
| (১) | মোহাম্মদ হারুণ আল রশিদ, প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিঃ, ৩৯৫-৩৯৭, তেজগাঁও শিল্পাঞ্চল, ঢাকা। পিতা মরহুম শামসুল হক, বাসা নং ১২/ক/ই, রোড নং-২, শ্যামলী, থানা- মোহাম্মদপুর, ঢাকা। | মেট্রোঃ বিশেষ মামলা নং ১৭৩/২০১৩ { তেজগাঁও (ডিএমপি) থানার মামলা নং-২৮, তাং ২২-১০-২০০৮, ধারা: দণ্ডবিধির ৪০৯ এবং ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২)} |

মোঃ জহুরুল হক

মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
শাহ্-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৯১৩১)

মূল্য : টাকা ৪.০০